



অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা আসিফের প্রেস সেক্রেটারির বিরুদ্ধে টেন্ডারবাজির অভিযোগ



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার প্রেস সেক্রেটারি মাহফুজ আলমের কথিত টেন্ডার কমিশনের অডিও ফাঁস হয়ে গেছে। সাংবাদিক জাওয়াদ নির্ব্বরের প্রকাশ করা ওই অডিওতে তাকে কমিশন ভাগাভাগি, ফাইল আটকে রাখা ও নির্দিষ্ট হারে অর্থ নেওয়ার প্রসঙ্গে কথা বলতে শোনা যায়। সামাজিক যোগাযোগ মাধ্যমে ঘটনাটি নিয়ে সমালোচনার ঝড় বইছে এবং নিরপেক্ষ তদন্তের দাবি উঠেছে

অন্তর্বর্তী সরকারের স্থানীয় সরকার উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার প্রেস সেক্রেটারি মাহফুজ আলমকে কেন্দ্র করে নতুন বিতর্ক দেখা দিয়েছে। বুধবার (২০ আগস্ট) রাতে সাংবাদিক জাওয়াদ নির্ব্বর তার ফেসবুক আইডিতে একটি অডিও প্রকাশ করেন, যেখানে মাহফুজ আলমকে টেন্ডার কমিশন নিয়ে আলোচনা করতে শোনা যায়।

অডিওতে তিনি বলেন, “ওয়ান পার্সেন্ট মিডলম্যান আর ফাইভ পার্সেন্ট মিনিষ্ট্রির জন্য—এগুলো স্থির থাকে।” এছাড়া তিনি জানান, কাজ কনফার্ম হলে প্রথমে ৫০ শতাংশ, পরে সিসিভিবি অনুমোদনের পর বাকি অর্থ দিতে হবে। এমনকি কমিশনের শর্ত মানা না হলে ফাইল আটকে রাখারও হুমকি শোনা যায় তার কণ্ঠে।

জাওয়াদ নির্ব্বরের দাবি, মাহফুজ আলমের বিরুদ্ধে এর আগেও টেন্ডারবাজি সংক্রান্ত অডিও প্রকাশিত হয়েছে। তিনি এ বিষয়ে বিস্তারিত তদন্তের আহ্বান জানান।

অডিও ফাঁস হওয়ার পর সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রতিক্রিয়া তৈরি হয়েছে। অনেকেই লিখেছেন, যদি অভিযোগ প্রমাণিত হয়, তবে এটি শুধু একজন ব্যক্তির নয় বরং পুরো প্রশাসনিক ব্যবস্থার দুর্নীতির প্রতিচ্ছবি।